# Times Today BD

হিমেল আহমেদ অপি | ঢাকা | 30 March, 2025

শরীয়তপুরে সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোর সঙ্গে মিল রেখে একদিন আগেই সুরেশ্বর দরবার শরীফে ৩০টি গ্রামের মুসল্লিদের অংশগ্রহণে পবিত্র ঈদুল ফিতরের নামাজের জামায়াত অনুষ্ঠিত হয়েছে।নামাজ শেষে রোজা কবুলের ফরিয়াদ এবং বিশ্ব উম্মাহর শান্তি কামনা করেছেন দরবার শরীফের ভক্ত-অনুরাগী মুসল্লিরা।

রোববার সকাল সাড়ে ৯টায় সুরেশ্বর দরবার শরীফের ঈদগাহ মাঠে পৃথকভাবে অনুষ্ঠিত দুইটি জামায়াতে বিভিন্ন জেলা থেকে আগত ভক্ত ও সুরেশ্বর দরবার শরীফের আশপাশের প্রায় সাড়ে ৩ হাজার মুসল্লি অংশ নেন।

সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের সঙ্গে মিল রেখে প্রায় ১০০ বছরের ঐতিহ্য হিসেবে পালিত পবিত্র ঈদুল ফিতরের পৃথক জামায়াত দু'টিতে ইমামতি করেছেন শাহ সুফি সৈয়দ বেলাল নূরী আল সুরেশ্বরী ও মাওলানা মো. জুলহাস উদ্দিন।

জানা যায়, শাহ সুরেশ্বরী (রহ.) নামে এক সুফি সাধক কর্তৃক শরীয়তপুরের নড়িয়া উপজেলায় প্রতিষ্ঠিত সুরেশ্বর পাক দরবার শরীফের ভক্ত ও অনুরাগীরা ১৯২৮ সাল থেকে মধ্যপ্রাচ্যের দেশগুলোর সঙ্গে মিল রেখে একদিন আগেই রোজা ও ঈদ পালন করে আসছেন।

শরীয়তপুরের নড়িয়া উপজেলার সুরেশ্বর, কেদারপুর, চাকধ, চন্ডিপুর ও ভেদরগঞ্জ উপজেলার দক্ষিণ দারাগড়সহ ৩০ গ্রামের প্রায় ২০ হাজার ধর্মপ্রাণ মুসল্লি মধ্যপ্রাচ্যের সঙ্গে মিল রেখে আজ ঈদুল ফিতর পালন করছেন।

প্রতিবছরের মতো এবারও সুরেশ্বর দরবার শরীফে একই সময়ে পৃথক মাঠে ঈদুল ফিতরের দুইটি জামায়াত অনুষ্ঠিত হয়েছে। জামায়াত দু'টিতে বিভিন্ন জেলা থেকে আগত ভক্ত-অনুরাগী ও স্থানীয় প্রায় সাড়ে তিন হাজার নারী-পুরুষ ঈদের নামাজে অংশ নেন এবং রোজা কবুলের ফরিয়াদ ও বিশ্ব উম্মাহর জন্য শান্তি কামনা করেন।

আরিফ রাড়ী নামে স্থানীয় এক মুসল্লি বলেন, "আমার বাপ-দাদাও সুরেশ্বর দরবার শরীফের নিয়ম মেনে রোজা ও ঈদ পালন করত।আমরা তাদেরই ধারাবাহিকতায় ধর্ম পালন করে আসছি। পবিত্র ঈদুল ফিতরের নামাজ আদায় করলাম। এখন সবার সঙ্গে কুশল বিনিময় শেষে পায়েস খাব।'

দরবার শরীফের প্রশাসনিক কর্মকর্তা (প্রধান খাদেম) মুনছুর আলী মৃধা বলেন, "শরীয়তপুরসহ বিভিন্ন জেলার প্রায় সাড়ে তিন হাজার ভক্ত-অনুসারী সুরেশ্বর দরবার শরীফে অনুষ্ঠিত পবিত্র ঈদুল ফিতরের নামাজে অংশ নিয়েছেন।সারাদেশে সুরেশ্বর দরবার শরীফের প্রায় ১০ লাখ ভক্ত রয়েছেন।এর মধ্যে ৫০ হাজারেরও বেশি অনুসারী নিজ নিজ এলাকায় ঈদের নামাজ আদায়ের মাধ্যমে ঈদুল ফিতর উদযাপন করছেন।'

সুরেশ্বর দরবার শরীফের গদীনশীন পীর শাহ মুজাদ্দেদী সৈয়দ তৌহিদুল হোসাইন শাহিন নূরী বলেন, "রমজান আত্মসংযমের মাস।এই মাসে পবিত্র রোজা পালন শেষে ঈদের নামাজ আদায় করেছেন ভক্ত ও অনুসারী মুসল্লিরা।প্রায় সাড়ে ৩ হাজার মুসল্লির অংশগ্রহণে অনুষ্ঠিত ঈদের

নামাজ শেষে রোজা কবুলের ফরিয়াদ ও বিশ্ব উম্মাহর জন্য শান্তি কামনা করা হয়েছে।সবাইকে সুরেশ্বর পাক দরবার শরীফের পক্ষ থেকে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা।

শরীয়তপুর ঈদুল ফিতর সৌদি আরব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:04

URL: https://timestodaybd.com/dhaka/775807199